

গ্রাম বিকাশ কেন্দ্র, পার্বতীপুর-৫২৫০, দিনাজপুর কর্তৃক বাস্তবায়িত পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর আর্থিক ও কারিগরী সহযোগিতায় চলমান মাইক্রোফাইন্যান্স কর্মসূচীর জন্য নিম্ন বর্ণিত পদ সমূহে নিয়োগের জন্য বাংলাদেশী প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে। কর্মএলাকাঃ রংপুর ও রাজশাহী বিভাগ।

পদের নাম, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, বয়স ও বেতনভাতা এবং সুযোগ সুবিধা

১। পদের নামঃ এ্যাসিস্টেন্ট ডিরেক্টর-অডিট এন্ড কমপ্লায়েন্স। পদ সংখ্যা: ০১টি। শিক্ষাগত যোগ্যতাঃ হিসাব বিজ্ঞান/ফিন্যান্স/ব্যবস্থাপনায় স্নাতকোত্তর। অভিজ্ঞতা ও দক্ষতাঃ রিজিওনাল/জাতীয় পর্যায়ে এনজিও-তে অডিট বিভাগে ন্যূনতম ৮ বছরের এবং ব্যবস্থাপনা পর্যায়ে কমপক্ষে ০৪ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ঋণ কর্মসূচীসহ বিভিন্ন প্রকল্পে অডিট কার্য পরিচালনা, আন্তর্জাতিক হিসাব রক্ষন বিধি বিধান, বিভিন্ন এ্যাকাউন্টিং সফটওয়্যার, রিপোর্টিং, সরকারি সংশ্লিষ্ট আইন/বিধিমালা, ভ্যাট, আয়কর-এর বিষয়ে সামগ্রিক ধারণাসহ কম্পিউটারে এমএস ওয়ার্ড, এমএস এক্সেল প্রোগ্রাম, ইংরেজিতে যোগাযোগ এর দক্ষতা এবং মোটর সাইকেল চালানোর বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। বয়সঃ সর্বোচ্চ ৪০ বছর। কর্মস্থলঃ প্রধান কার্যালয়, পার্বতীপুর, দিনাজপুর। বেতনঃ ৬৮৫৮১/-টাকা।

২। পদের নামঃ ম্যানেজার-মনিটরিং (এমএফ কর্মসূচি)। পদ সংখ্যা : ০১ (এক) জন। বয়সঃ সর্বোচ্চ ৩৫ বছর। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ হিসাব বিজ্ঞান, ফিন্যান্স ব্যবস্থাপনা, মার্কেটিং, পরিসংখ্যান, অর্থনীতিতে স্নাতকোত্তর/এমবিএ পাশ এবং এনজিও-তে ঋণ কার্যক্রমে অডিট, মনিটরিং, হিসাব সংরক্ষণ, আর্থিক প্রতিবেদন তৈরী, ডকুমেন্টেশন কাজের ন্যূনতম ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটারে MS-Office Program (Word, Excel, Powerpoint), Internet browsing, E-mail, Computer Software-এ ডাটা এন্ট্রি ও রিপোর্ট তৈরিতে পারদর্শী হতে হবে। ইংরেজী ও বাংলায় রিপোর্ট তৈরি এবং কেস স্টাডি লেখার দক্ষতা থাকতে হবে। মোটর সাইকেল চালানোর দক্ষতা এবং বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। বেতনঃ ৪৭০০০-৫২০০০/-টাকা।

৩। পদের নামঃ এলাকা ব্যবস্থাপক-মাইক্রোফাইন্যান্স। শিক্ষাগত যোগ্যতাঃ স্নাতকোত্তর ডিগ্রী। অভিজ্ঞতা ও দক্ষতাঃ আঞ্চলিক/জাতীয় পর্যায়ে এনজিও-তে মাইক্রোফাইন্যান্স কর্মসূচীতে সংশ্লিষ্ট পদে কমপক্ষে ০৪ বছরের কাজের অভিজ্ঞতা ও কম্পিউটার এর দক্ষতা এবং মাইক্রোফাইন্যান্স এর সফটওয়্যার পরিচালনায় (মাইক্রোফিন ৩৬০ অগ্রাধিকার) পারদর্শী এবং নিজস্ব মোটর সাইকেল, ল্যাপটপ কম্পিউটার থাকতে হবে। বয়সঃ সর্বোচ্চ ৪০ বছর। বেতনঃ ৩৫,৬৮৭/-টাকা।

৪। পদের নামঃ শাখা ব্যবস্থাপক-মাইক্রোফাইন্যান্স। শিক্ষাগত যোগ্যতাঃ ন্যূনতম স্নাতক পাশ। অভিজ্ঞতা ও দক্ষতাঃ আঞ্চলিক/জাতীয় পর্যায়ে এনজিও-তে মাইক্রোফাইন্যান্স কর্মসূচীতে সংশ্লিষ্ট পদে কমপক্ষে ৪ বছরের বাস্তব অভিজ্ঞতা ও কম্পিউটার এর দক্ষতা এবং মাইক্রোফাইন্যান্স এর সফটওয়্যার পরিচালনায় (মাইক্রোফিন ৩৬০ অগ্রাধিকার) পারদর্শী এবং নিজস্ব মোটর সাইকেল, ল্যাপটপ কম্পিউটার থাকতে হবে। বয়সঃ সর্বোচ্চ ৪০ বছর। বেতনঃ ২৭,৮৩২/-টাকা।

সকল পদের শিক্ষানবীশকাল ৩-৬ মাস এবং শিক্ষানবীশকাল উত্তীর্ণ হবার পর সংস্থার নিয়ম অনুযায়ী পিএফ, গ্রাচুইটি, ২টি উৎসব ভাতা ও অন্যান্য ভাতা (মটর সাইকেল, মোবাইল, ইন্টারনেট) প্রদান করা হবে।

নিয়ম ও শর্তাবলীঃ পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত, সকল সনদপত্র, জন্ম নিবন্ধন ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (সত্যায়িত), সদ্যতোলা ৩ কপি পিপি সাইজের ছবি, নাগরিকত্বের সনদপত্র, মোবাইল ফোন নম্বরসহ আবেদনপত্র ডেপুটি ডিরেক্টর-এইচআর এন্ড এ্যডমিন, গ্রাম বিকাশ কেন্দ্র, হলদীবাড়ী, পার্বতীপুর-৫২৫০, দিনাজপুর, বাংলাদেশ, বরাবরে সরাসরি অথবা ডাক/কুরিয়ার যোগে বিজ্ঞাপন প্রকাশের ১০ দিনের মধ্যে পৌছাতে হবে। ই-মেইল-এ আবেদনপত্র গ্রহণযোগ্য নহে। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদেরকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহবান করা হবে। খামে আবেদনকৃত পদের নাম উল্লেখ করতে হবে। নারী, আদিবাসী ও প্রান্তিক জনগোষ্ঠীর প্রার্থীদের আবেদন করার জন্য উৎসাহিত করা যাচ্ছে। এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিলসহ যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা গ্রাম বিকাশ কেন্দ্র এর কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।